# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, কবরের ওপর ঘর বা অন্য কিছু নির্মাণের হুকুম কি?

উত্তর: বল, কবরের ওপর কোন কিছু নির্মাণ করা ঘৃণিত বিদআত। কারণ এতে দাফন-কৃত ব্যক্তির প্রতি সম্মান দেখাতে গিয়ে বাড়াবাড়ি করা হয় এবং এটি শির্কের উসিলা। তাই এ বিদ‘আত বন্ধে ও শির্কের উসিলাকে রুদ্ধ করণার্থে কবরের ওপর নির্মিত স্থাপনা অপসারণ ও সেটাকে মাটির সমান করা জরুরি। ইমাম মুসলিম আবুল হায়াজ আসাদি হায়ান বিন হুসাইন থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: আমাকে আলী রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে যে দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন আমি কি তোমাকে তা দিয়ে পাঠাবো না? কোনো ছবি নিঃশেষ করা ব্যতীত রাখবে না এবং কোনো উঁচু কবর মাটির সমান না করে ছাড়বে না”।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন